



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

1st Term: Answer **WorkSheet - 1**

Class: 3



Subject: Bengali Text: (আমাদের গ্রাম)

Date: 2/7/2020

১। 'আমাদের গ্রাম' -- কবিতাটির প্রথম ছয়লাইন কবির নাম সহ মুখস্থ লেখ ।

উঃ আমাদের গ্রাম

বন্দে আলি মিঞা

আমাদের ছোটো গাঁয়ে ছোটো ছোটো ঘর

থাকি সেথা সবে মিলে নাহি কেহ পর ।

পাড়ার সকল ছেলে মোরা ভাই ভাই ,

একসাথে খেলি আর পাঠশালে যাই ।

হিংসা আর মারামারি কভু নাহি করি ,

পিতামাতা গুরুজনে সদা মোরা ডরি ।

২। গ্রামের ঘরবাড়ীগুলি কিরকম ?

উঃ গ্রামের ঘরবাড়ীগুলি সাধারণত ছোটো ছোটো হয় । কোথাও কোথাও মাটির দেওয়াল আর খড়ের ছাউনি দিয়েও তৈরি হয় । ঘরের পাশেই ধান বা ফসল রাখার গোলা থাকে । গৃহপালিত পশু রাখার জন্য আলাদা গোয়াল ঘর থাকে । বাড়ীর আশেপাশে পুকুর থাকে সেই পুকুরের জল তারা নিয়মিত ব্যবহার করে ।

৩। ছোটো গ্রামটিকে কার সঙ্গে কেন তুলনা করা হয়েছে ?

উঃ ছোটো গ্রামটিকে মায়ের সঙ্গে তুলনা করা হয়েছে । মা যেমন সন্তানকে খাদ্য , পানীয় ও যত্নে লালন পালন করেন । গ্রামের ফসল ,দিঘির জল,গাছের ফলফুল গ্রামের মানুষকে বেঁচে থাকতে সাহায্য করে ।গ্রামের বিশুদ্ধ আলো ,বাতাস গ্রামের মানুষকে সুস্থ ও স্বাচ্ছন্দে থাকতে

সাহায্য করে । মায়ের কাছে থাকলে সন্তান যেমন নির্ভরতা লাভ করে,সেইরকম গ্রামের মানুষেরা ও গ্রামের জল হাওয়া ,মাটির কাছে নির্ভরতা লাভ করে ।

৪। তোমার দেখা ‘একটি গ্রাম’ সম্বন্ধে একটি অনুচ্ছেদ লেখ ।

উঃ গত বছর বাবা মায়ের সঙ্গে গরমের ছুটিতে ঠাকুরমার বাড়ী গিয়েছিলাম । ঠাকুরমার বাড়ীটি নদীয়া জেলার তাহেরপুর গ্রামে । শহরের ছেলে আমি কোনোদিন ও গ্রামে যায়নি । সেখানে গিয়ে এক অনাবিল আনন্দের সন্ধান পেলাম । গ্রামের ছোটো ছোটো খড়ের চাল দেওয়া বাড়ী । গোয়ালে গরু পাশে পুকুর ,ফলস্ত সব গাছ । সব কিছুই খোলামেলা । বাবার সাথে বিকালে গেলাম নদীর ধারে । নদীর ঠাণ্ডা হাওয়া আর নৌকায় চড়ে জেলেদের মাছ ধরা দেখতে দেখতে আমার দুইদিন যে কখন কেটে গেল বুঝতেই পারলাম না । পরের ছুটিতে আবার যাবার জন্য মনকে প্রস্তুত করে রাখলাম ।

Manashi Chaudhuri